জ্বালানি সিন্ডিকেটের কাছে নতি স্বীকার করেছে সরকার: সারজিস আলম



জাতীয় নাগরিক পার্টির উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। ছবি: সংগৃহীত

জ্বালানি তেলের দাম বাড়ানোর সিদ্ধান্তে সরকারের তীব্র সমালোচনা করেছেন জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম। তিনি এই সিদ্ধান্তকে জ্বালানি সিন্ডিকেটের প্রভাবের কাছে সরকারের নতি স্বীকার হিসেবে আখ্যা দিয়েছেন।

শনিবার (১৮ এপ্রিল) রাতে সামাজিক যোগাযোগমাধ্যম ফেসবুকে দেওয়া এক পোস্টে তিনি বলেন, "জ্বালানি সিন্ডিকেটের কাছেই সরকার নতি স্বীকার করেছে।" তার এই মন্তব্য ইতোমধ্যে আলোচনার জন্ম দিয়েছে।

এদিকে আন্তর্জাতিক বাজারের সঙ্গে সামঞ্জস্য রেখে সরকার নতুন করে জ্বালানির দাম নির্ধারণ করেছে। নতুন তালিকা অনুযায়ী, প্রতি লিটার ডিজেল ১১৫ টাকা, অকটেন ১৪০ টাকা, পেট্রোল ১৩৫ টাকা এবং কেরোসিন ১৩০ টাকা করা হয়েছে।

জানা গেছে, রোববার (১৯ এপ্রিল) থেকেই সংশোধিত এ মূল্য কার্যকর হয়েছে।

LENS ASIA